গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
www.sarishabari.jamalpur.gov.bd

উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর সেপ্টেম্বর/২০২৫ খ্রি: মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ মোহছেন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক,
উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।

স্থান : উপজেলা পরিষদ হলরুম।
তারিখ ঃ ২২-০৯-২০২৫ খ্রি.,
সময় ঃ দুপুর : ১২ ঘটিকা।

উপজেলা পরিষদের মাসিক সভা

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি প্রশাসক,উপজেলা নির্বাহী অফিসার সরিষাবাড়ী, জামালপুর, উপজেলা পরিষদ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা পরিষদের সকল সদস্যকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা শুরু করেন। উপজেলা নিবর্হী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | ক. উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে আউশ ও পাট ফসলের কর্তন কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ বছর বন্যা না হওয়ায় রোপা আমন ফসলের আবাদ বৃদ্ধি পাবে। ২০২৫-২৬ অর্থবছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে প্রতি কৃষক ৫ কেজি মাসকলাই বীজ, ১০ কেজি ডি এপি ও ৫ কেজি এম ওপি সার বিতরণ কার্যক্রমের বরাদ্দ পাওয়া গেছে।কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সরিষাবাড়ী, জামালপুর এর আওতায় উপজেলায় বিভিন্ন ইউনিয়নে বিএস কোয়ার্টার/ সীডস্টোর রয়েছে। এ সংক্রান্ত বিষয়ে জমির প্রয়োজনীয় ডকুমেন্ট সমূহ সংগ্রহরে ক্ষেত্রে উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসের সহযোগিতা প্রয়োজন।বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | ক. মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | ক) অন্তঃবিভাগ ভর্তি রোগী-১২২৯ জন, খ) বহিঃবিভাগ-১৩৪২৫ জন গ) জরুরী বিভাগ- ২৪৪৮ জন। ডেলিভারী রোগীর সংখ্যা ক) নরমাল ডেলিভারী- ১০৭ খ) সিজার- ১০জন। প্যাথলজি সেবা- ৫৯৭জন, এক্স-রে বিভাগ- ১২৮ জন,এ্যাম্বুলেন্স সেবা- ৩৭ জন। ইপি আই কার্যক্রম জুলাই ২০২৫ইং মাসে ৭৯৪ জন শিশু কে টিকার আওতায় আনা হয়েছে। কমিউনিটি ক্লিনিক এর সংখ্যা ৪৫টি - সেবাপ্রাপ্ত রোগীর সংখ্যা ১৯৭৫২জন । সেবারমান দিনদিন বৃদ্ধি পাচ্ছে। এর ধারাবাহিক রক্ষা করা ও ভবিষ্যৎ আরও উন্নত চিকিৎসা দেওয়া । হাসপাতালের পরিস্কারর পরিচ্ছন্নতাকর্মী ৫ জনের মধ্যে ১জন কর্মরত রহিয়াছে। ফলে হাসপাতলের পরিবেশ অস্বাস্থ্যকর হয়ে উঠেছে । ১ জন জনবলদ্বারা পরিস্কার পরিচ্ছন্নতার কাজ করা সম্ভব নয় বিধায় জনবলের নিয়োগে ব্যবস্থা করন।<br>খ. দালাল চক্র- হাসপতালের অভ্যন্তরে সকাল হতে সন্ধ্যা অবধি পর্যন্ত বিক্ষিপ্ত ভাবে ঘুরা ফেরা করে এবং রোগীদের ভাল চিকিৎসার প্রলোভন দেখিয়ে নিয়ে যায়। ফলে জনগন সু-চিকিৎসা পাচ্ছেনা। দালাল দৌরাত্ব কমানোর ব্যবস্থা গ্রহন করা। ১৯৬৩ নির্মিত হাসপাতালটি ঝুকিপূর্ন ইহা নতুন ভাবে নির্মান প্রয়োজন।<br>গ. আগামী অক্টোবর মাসে টাইফয়েড টীকা প্রদান করা হবে । | ক. হাসপাতালে নিয়মিত সেবার মান বৃদ্ধি করতে হবে এবং অবকাঠামো গত সমস্যা জেলা সভায় অবহিত করা হবে ।<br>খ. হাসপাতালে দালালের দৌরাত্ব কমাতে হবে । মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>গ. টাইফয়েড টীকা সফল করতে বিদ্যালয়ের শিক্ষকদের সহায়তা করতে হবে । | ক.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সরিষাবাড়ী।<br>খ. উপজেলা শিক্ষা অফিসার।<br>গ. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার । |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | ক. উপজেলা প্রাণী সম্পদ অফিসার সভায় বলেন, গবাদি প্রাণী টিকা প্রদান- ১৬২৪ মাত্রা, হাঁস-মুরগী- ১,৫০,৫০০ মাত্রা। চিকিৎসা গবাদি পশুর ২,৩৩০ টি, হাঁস-মুরগী- ৩৭,৯১০ টি । প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্প হতে ৪৩০ মাত্রা ক্ষুরারোগের টিকা বিনামূল্যে প্রয়োগ করা হয়েছে ।গবাদি পশুর কৃত্রিম প্রজনন- ৩৯০ টি গবাদি পশুর বাচ্চা উৎপাদন ২৪৯ টি, রাজস্ব আদায়- টিকা কৃত্রিম প্রজনন- বিবিধ রাজস্ব আদায় = ৭৫,৭০০/-প্রাপ্তি খামার রেজিষ্ট্রেশন নাই, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ১ টি।<br>খ. উত্তরাঞ্চলে সীমান্তবর্তী সুবিধা বঞ্চিত ৮৬ টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় হাঁস-মুরগীর খামারী প্রশিক্ষণ প্রদান করা হয় চলতি মাসে ১৬২ জনকে । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. সেবা গ্রহীতারা যেন সঠিক ভাবে সেবা গ্রহণ করতে পারে সেজন্য মনিটরিং অব্যাহত রাখতে হবে ।<br>খ. প্রশিক্ষণের মাধ্যমে নতুন নতুন খামারী তৈরির উদ্যোগ গ্রহণ করতে হবে। | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সরিষাবাড়ী। |
| ০৪. | উপজেলা মৎস্য বিভাগ। | ক. উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ১। ২০২৫-২০২৬ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় সরিষাবাড়ী উপজেলায় নির্বাচিত জলাশয়ে ৩৭৫ কেজি পোনামাছ অবমুক্তকরণ করা হয়। সরিষাবাড়ী থানা পুকুর = ৩০ কেজি,সরিষাবাড়ী ফায়ার সার্ভিস পুকুর = ২৫ কেজি, মোহনগঞ্জ আশ্রয়ন পুকুর, ভাটারা = ২৫ কেজি,আর.ইউ.টি উচ্চ বিদ্যালয় = ২৫ কেজি, সরিষাবাড়ী অনার্স কলেজ = ২৫ কেজি, সরিষাবাড়ী মাহমুদা সালাম মহিলা কলেজ = ২৫ কেজি,তারাকান্দি আশ্রয়ন পুকুর, পোগলদিঘা = ৩২.৫ কেজি, সুবর্ণখালী খাল = ৯৩.৭৫ কেজি,রাগদহ বিল, বাঘআছড়া, পিংনা = ৯৩.৭৫ কেজি, মোট= ৩৭৫ কেজি। ২। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে ০১ টি অভিযান পরিচালনা করা হয়। অভিযান ১৮ টি চায়না দুয়ারী জাল জব্দ করে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়। ৩। ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় পিংনা বাজার ঘাটে জেলেদের নিয়ে মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৫ এর জনসচেতনতা সভা অনুষ্ঠিত হয়। | ক. বিতরণকৃত মাছ চাষ আবাদের ক্ষেত্রে মনিটরিং করতে হবে।<br>খ.দেশী মাছ রক্ষা করতে চায়না জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে । | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সরিষাবাড়ী |

CS CamScanner

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | উক্ত জনসচেতনতা সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর , সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সহকারী মৎস্য কর্মকর্তা ( জেলা মৎস্য দপ্তর, জামালপুর), জেলেগণ এবং অত্র দপ্তরের কর্মচারীবৃন্দ। ৪। পুকুর পরিদর্শন ও চাষিদের উন্নত প্রযুক্তি হস্তান্তর সহ দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২৫ উপলক্ষ্যে আয়োজিত ১৮ আগস্ট হতে ২৪ আগস্ট ২০২৫ খ্রি. সপ্তাহব্যাপি কর্মসূচী সফল ভাবে পালিত হয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উপলক্ষ্যে র‍্যালী, ০৩ জন সফল মৎস্যচাষীকে পুরস্কার প্রদান, উপজেলা পরিষদ পুকুরে ৩০ কেজি পোনামাছ অবমুক্তকরণ , ২৫ জন চাষির পুকুরের পানি পরীক্ষা এবং পিংনা ইউনিয়নের পিংনা হাই স্কুলের পুকুরে ৩৫ জন জেলেদের নিয়ে সাতার প্রতিযোগিতা আয়োজন করা হয়। পুকুর পরিদর্শন ও চাষিদের উন্নত প্রযুক্তি হস্তান্তর সহ দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,জামালপুর প্রকল্পের আওতায় মোট ১১টি রাস্তার উন্নয়ন কাজ চলমান আছে । উপজেলা প্রকৌশলী সভায় আরও প্রস্তাব করেন যে,<br>১. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের এটাষ্ট বাথরুম সংস্কার ।<br>২. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের মেরামত এবং রং করণ।<br>৩. উপজেলা পরিষদের ভবনের বিভিন্ন স্থানে সিসি কেমেরা স্থাপন করণ ।<br>৪. সরিষাবাড়ী উপজেলায় খেলাধুলার মান উন্নয়নের জন্য বিভিন্ন স্কুলে ক্রীড়া সামগ্রী বিতরণ ।<br>৫. এসএসসি ও এইচ এস সি পরীক্ষার ভালো ফলাফল অর্জন কারী ছাত্র/ছাত্রীদের পুরস্কার ও সংবর্ধনা প্রদান করা হয় । | ক. উন্নয়নমূলক কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে ।<br>খ. উক্ত প্রস্তাবে ১,২ও ৩ নম্বার প্রস্তাবগুলি উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যায় করা হবে এবং ৪ও ৫ বার্ষিক উন্নয়ন তহবিল হতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত হয়। | ক.উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এলজিইডি, সরিষাবাড়ী |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | ক. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে,১১টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ বিতরণ করা হয়। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ফলজ ও বনজ গাছ বিতরণ করা হয়। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের উপস্থিতি বৃদ্ধির জন্য শিক্ষকদের নিয়মিত হোম ভিজিট,মা সমাবেশ করার নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে। | ক.বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের উপস্থিতি বৃদ্ধির জন্য শিক্ষকদের নিয়মিত হোম ভিজিট,মা সমাবেশ করতে হবে। | ক. উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরিশিক্ষা ক্রীড়া সমিতি, সরিষবাড়ী উপজেলার শাখা ৫২তম গ্রীষ্মকালীন খেলাধুলা - ২০২৫ শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ১৪/০৯/২০২৫ইং তারিখে এবং উপজেলা পর্যায় এবং আগামী ২৩/০৯/২০২৫ ইং তারিখ হতে ৫২তম গ্রীষ্মকালীন খেলাধুলা - ২০২৫ অনুষ্ঠিত হবে। শিক্ষা প্রতিষ্ঠান সমূহ নিয়মিত খোলা রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পন্ন করা হচ্ছে। | ক. গ্রীষ্মকালীন খেলা সুষ্ঠভাবে বাস্তবায়নে ট্যাগ অফিসার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয় । | ক.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সরিষাবাড়ী |
| ০৮ | উপজেলা সমাজসেবা | ক. উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় পরিচালিত বিভিন্ন ভাতা কার্যক্রম | ক. সকল বরাদ্দের কাজ নীতিমালা অনুযায়ী | ক.উপজেলা |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | [illegible] |
|---|---|---|---|---|
| | অফিস। | অব্যাহত আছে সকল ভাতার প্রথম কিস্তির ( জুলাই ২৫- সেপ্টম্বর ২৫) পর্যন্ত পেরোল প্রদান করা হয়েছে। এছাড়া ক্ষুদ্রঋণ কার্যক্রমের - আরএস এস বিনিয়োগ করা হয়েছে ৬,০০৭০০/- টাকা এবং আদায় হয়েছে ৫,৭৫,৫০০ /- টাকা। পুন বিনিয়োগ করা হয়েছে ৩,০০০০০/- প্রতিবন্ধী ব্যক্তিদের কাছ থেকে ঋণের কিস্তি আদায় হয়েছে ২১,০০০/-টাকা। প্রতিবন্ধী জরীপ করা হয়েছে ১২০জন। প্রতিবন্ধী সুবর্ণনাগরিক কার্ড বিতরণ করা হয়েছে ৭৫জন। রোগী কল্যাণ সমিতি থেকে ৪০ জন ব্যক্তিকে ঔষধ প্রদান হয়েছে। সমাজকল্যাণ পরিষদ থেকে একজন ব্যক্তিকে ৫,০০০-/ অনুদান বিতরণ। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠ ভাবে সম্পন্ন করা হচ্ছে । | বাস্তবায়ন করতে হবে। | সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৯ | উপজেলা সমবায় অফিস। | ক. উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ১০, মোট সম্পাদন ৩৬ সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে- ০৫ টি, মোট সম্পাদন ১৫, রাজস্ব আদায় (নিরীক্ষা ফি, মূসক ও নিবন্ধন ফি ) চলতি মাসে - ০০ মোট সম্পাদন ২৯,১১০/ -,সমবায় উন্নয়ন তহবিল আদায়- ০০ মোট সম্পাদন ০০-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ০৩ টি, মোট সম্পাদন ০৩ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ০০ টি, মোট সম্পাদন ০২ টি, আই জি এ প্রশিক্ষণ প্রদান (কম্পিউটার ও ইলেক্ট্রিক্যাল)চলতিমাসে ০৮ মোট সম্পাদন ০৮, সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ০ টি মোট ০ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৫০,০০০/- মোট সম্পাদন ২,০০ ০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ ০০ আদায় চলতি মাসে- ০০, মোট সম্পাদন ০০, সমবায়ীদের অবহিত করণ সভা চলতি মাসে ০০ টি, মোট অর্জন ০০ টি, অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করতে হবে।<br>খ. সমিতিগুলো নিয়মিত অডিট করতে হবে | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিস। | ক. উপজেলা যুবউন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৫-২০২৬ চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৪ টি ব্যাচে ৩০ জন করে ৪২০ জন। পরিবার ভিত্তিক ও আত্মকর্মসংস্থান কর্মসূচীর ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা ৩৭,০০,০০০/= (সাইত্রিশ লক্ষ) টাকা ।আত্মকর্মসংস্থান কর্মসূচীরতে ১ জন আত্মকর্মীকে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরন করা হয়েছে। পরিবার ভিত্তিক কর্মসূচীর একটি কেন্দ্র গঠনের কাজ চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন, জুন/ ২০২৫ ইং মাসের নিম্লোক্ত সেবা প্রদান করা হয় । মোট জনসংখ্যা ঃ ৩,৫৫,৭২০,মোট সক্ষম দম্পতি ৬৭,৩২১ জন উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ৫১,৫০১ । পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৬.৮১% জন । পুরুষ বন্ধ্যাকরণ -০০ জন, মহিলা বন্ধ্যাকরণ-০২ জন, আই. ইউ. ডি ০০ জন , ইমপ্লান্ট- ০০ জন, ইনজেকশন- ৬৬১ ভয়েল, খাবার বড়ি (সুখী) ১৩৬ চক্র. খাবার বড়ি (আপন) ৫২ চক্র, কনডম- ১৮৯০৯ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সরিষাবাড়ী। |
| ১২ | উপজেলা মহিলা | ক. ভালনারেলগ্রুপ ডেভেলপমেন্ট (ভিডব্লিউবি) ২০২৫-২০২৬ চক্রের সরিষাবাড়ী উপজেলায় প্রায় ০৮টি ইউনিয়নের সেপ্টেম্বর ২০২৫ ইং | ক. নীতিমালা অনুয়ায়ী বিতরণ কার্যক্রম পরিচালনা | ক. উপজেলা |

CamScanner

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | বিষয়ক অফিস। | মাসের ডি ও প্রদান করা হয়েছে। তাছাড়া পোগলদিঘা, ডোয়াইল ও মহাদান ইউনিয়ন ব্যতিত অন্যান্য সকল ইউনিয়ন মাল উত্তোলন করেছেন। ভাটারা ও কামরাবাদ ইউনিয়নের মালবিতরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর কার্যক্রম নিয়মিত ভাবে পরিচালিত হচ্ছে। সেপ্টেম্বর/২০২৫ ইং তারিখ পর্যন্ত অনলাইন আবেদন সম্পন্ন হয়েছে। কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে।চলতি মাসে এখন পর্যন্ত নাস্তার বরাদ্দ পাওয়া যায়নি। স্বেচ্ছাসেবী মহিলা সমিতি/সংস্থাগুলির নিবন্ধন নবায়ান কার্যক্রম চলছে। তাছাড়া সমিতির ২০২৫/২০২৬ অর্থ বৎসরের ১৭ টি সমিতির নবায়নও অনুদানের আবেদন ফরম প্রস্তুত করা হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি আর ডিবি) | ক. বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত সরিষাবাড়ী উপজেলার ০৭ টি প্রকল্প/কর্মসূচির কাজ চলমান রয়েছে। ১. মূল কর্মসূচি (আবর্তক) ২. সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী (সদাবিক) ৩. পল্লীপ্রগতি কর্মসূচী ৪. মহিলা উন্নয়ন কর্মসূচী ৫. দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন, প্রক্রিয়া করণ ও বাজার জাতকরণ শীর্ষক প্রকল্প ৬. বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্নকর্মসংস্থান ও প্রশিক্ষণ প্রকল্প ৭. সরকারের বিশেষ প্রণোদনা এস এম ই ঋণ " প্রতিটি প্রকল্প/কর্মসূচীর কাজ ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় ও শেয়ার আদায় চলমান রয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে ৭টি প্রকল্পের ঋণ বিতরণের মোট লক্ষ্যমাত্রা ১৭০.০০ লক্ষটাকা নির্ধারণ করা হয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে মোট ৩২.৯৫ লক্ষটাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ২৮.১০ লক্ষটাকা আদায় করা হয়েছে। গত মাসে খেলাপীর পরিমান ছিলো ৮৫.৭৪. । বর্তমানে মাঠ পর্যায়ে ৮৫.১০ লক্ষটাকা খেলাপী রয়েছে। মাঠ পর্যায়ের খেলাপী টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক কর্ম সম্পাদনে চুক্তির আলোকে মাঠ পর্যায়ের কাজ চলমান রয়েছে। | ক. মাঠে খেলাপি ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। মাঠ পর্যায়ের খেলাপি টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদনের চুক্তির আলোকে মাঠ পর্যায়ের কাজ চলমান রয়েছে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় বলেন ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ- সমিতির সংখ্যা ৯১ টা, মোট সদস্য সংখ্যা- ৬১০০ জন,চলতি মাসে নতুন সদস্য ভর্তি- ৩০০ জন, ঋণ বিতরণ ৪০.০০ (লক্ষ টাকা) চলতি মাসে ঋণ আদায় ১৮.০০/-চলতি মাসে সঞ্চয় আদায় = ১০.৭৫ (লক্ষ টাকা) ঋণ আদায়ের হার ৯৬% ।<br>নারী উদোক্তা ঋণবিতরণ ঃ মোট সদস্যসংখ্যা ২৫০ জন চলতি মাসে ঋণবিতরণ করা হয়েছে ৮.০০(লক্ষ টাকা)। চলতি মাসে ঋণ আদায় ১৯.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋণ আদায়ের হার ৯৭%খেলাপি ঋণের পরিমাণ ১৫.০০(লক্ষ) টাকা, সঞ্চয় আদায় ৪.৫০(লক্ষ) টাকা।<br>উদ্যোক্তা ঋণ কার্যক্রমঃ- মোট সদস্য ১৮০ জন, চলতি মাসে নতুন উদ্যোগ ৮ জন, চলতি মাসে ঋণ বিতরণ ৪৭.০০(লক্ষ টাকা),চলতি মাসে ঋণ আদায় হয়েছে ২৪.০০(লক্ষ টাকা), চলতি মাসে ঋণ | ক. সকল ঋণ আদায় কার্যক্রম চালু রাখতে হবে এবং খেলাপি ঋণ আদায়ে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, সরিষাবাড়ী। |

CamScanner

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | আদায়ের হার ৯৮%, তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, ২০২৫-২৬অর্থ বছরের গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষন (টি আর) প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প তালিকা তৈরির কাজ চলমান আছে এবং সেতু/ কালভার্ট এর কাজ চলমান রয়েছে। | ক. পরিদর্শন পূর্বক বাস্তবায়ন যোগ্য প্রকল্প গ্রহণ করতে হবে। | ক.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | ক. সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত কমিউনিটি ভিত্তিক ৩৯ টি<br>গভীর নলকূপ (প্রতি ১০ পরিবারের জন্য ০১ টি) স্থাপন কাজ শেষ এবং স্ট্রাকচার নির্মাণ কাজ চলমান আছে।<br>সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ ইং অর্থ বছরে বরাদ্দ কৃত সাবমার্সিবল পাম্পযুক্ত কমিউনিটি ভিত্তিক ৬৬ টি গভীর নলকূপ (প্রতি ১০ পরিবারের জন্য ০১ টি) এর নলকূপ স্থাপন কাজ চলমান আছে।<br>GPS/PEDP-4প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিব লপাম্পযুক্ত ও জলাধার সহ অগভীর নলকূপ স্থাপনও হ্যান্ডওয়াশিং বেসিন নির্মাণ কাজ চলমানআছে। GPS প্রকল্পের আওতায় ০৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে।<br>PEDP-4প্রকল্পের আওতায় ২৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের০৪ টি কমিউনিটি টয়লেট এর চূড়ান্ত স্থান তালিকা পাওয়া গিয়াছে দপ্তরীয় অন্যান্য কাজসুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলছে। | ক. কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে নিয়মিত মনিটর করতে হবে। | ক. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সরিষাবাড়ী। |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর কার্যালয়। | ক. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় বলেন যে, টিসিবি ও এমএস এর জন্য ৫৬.৭৯০ মে.টন চালের ডিও ইস্যু করা হয়েছে। ইউপি খাতে ৭৩.৫০০ ডিও ইস্যু করা হয়েছে। ও এমএস খাতে ৫৯৭.৩৬০ মে. টন চাল ভোক্তার কাছে বিক্রি করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ চলমান আছে। | ক. বরাদ্দকৃত চাল,গম সঠিক লোক পাচ্ছে কিনা তা তদারকি করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, সরিষাবাড়ী |
| ১৮ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা। | ক. ফরেষ্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে,তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. আলোচনা নাই। | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা, সরিষাবাড়ী |
| ১৯. | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। | ক. পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২১০ টি সমিতিতে ১০১৪৫ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। সক্রিয় ঋণী আছে ৬৭৩৫ জন (এসএমই সহ)।সদস্যর সঞ্চয় আছে ৬,৮৭,,৪১,৭৪৫/- টাকা ও ঋণের স্থিতি আছে ২০;০৪,০০,০০০/-। শাখার লাভ ৮০,১০,০০০/- টাকা, বর্তমান অর্থ বছরের আদায়ের হার ৭৬% এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৫০৯ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। | পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক। |

CamScanner

<table>
<tr><th>ক্র: নং</th><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>২০.</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)</td><td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য মাসিক সভার কার্যবিররণী, বার্ষিক বাজেট ও এডিপি রির্পোট আপলোড করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তাছাড়া ইউজিডিপি প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রকল্প গুলো নিয়মিত পরিদর্শন করা হচ্ছে।</td><td>স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হাল নাগাদ করার জন্য তথ্য দিয়ে সহযোগিতা করা।</td><td>ইউডিএফ, সরিষাবাড়ী</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা পাট পরিদর্শক</td><td>উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে পাটের ফলন ভালো হয়েছে। এবং পাটের বাজার দর ভালো হওয়ার জন্য কৃষকরা অত্যান্ত আনন্দিত এ বৎসর লাইসেন্স এর লক্ষ্য মাত্রা ২০০টি । এখন পর্যন্ত লাইসেন্স হয়েছে ২০৭ টি যা লক্ষ মাত্রাার চেয়েও বেশি।</td><td>ক. সকল প্রকার পাট ব্যবসায়ীদের লাইসেন্স এর আওতায় নিয়ে আসতে হবে।</td><td>উপজেলা পাট পরিদর্শক ।</td></tr>
<tr><td>২২.</td><td>উপজেলা বিএ.ডি.সি. সরিষাবাড়।</td><td>ক. সরিষাবাড়ী উপজেলার বি.এ.ডি.সি উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, সেচ আবেদনকারীর খাজনার রশিদসহ তদন্ত কার্যক্রম চলমান আছে।</td><td>ক. কৃষকদের সেচ সংযোগে কোন সমস্যা না হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী বিএ.ডি.সি.</td></tr>
<tr><td>২৩.</td><td>বিদ্যুৎ বিভাগ।</td><td>ক. উপজেলা ডি.জি.এম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে,<br>আগষ্ট মাসে গ্রাহক সংযোগ আবাসিক = ২৭৬ টি, বানিজ্যিক = ১৭টি, সেচ =০টি, শিল্প = ০০ টি,অন্যান্য ১০ টি ।<br>.বিদ্যুৎ সরবরাহ: পিক আওয়ার: সন্ধা ০৬ টা হতে রাত ১১ঘটিকা, চাহিদা ২২.০০মেঃওঃ প্রাপ্তি ১১.০০ মেঃওঃ লোডশেডিং ১১.০০ মেঃওঃ তারাকান্দি অফগ্রীডসহ<br>০২। অফপিক আওয়ার রাত ১১.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ পযর্ন্ত, চাহিদা ১৮.০০ মেঃ ওঃ প্রাপ্তি ১০.০০ মেঃওঃ লোডশেডিং ০৮.০০ মেঃওঃ তারাকান্দি অফগ্রীডসহ ।</td><td>ক. নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সর্বরাহ করার জন্য সভায় সিদ্ধান্ত হয় ।</td><td>নির্বাহী প্রকৌশলী পিডিবি / ডিজিএম পল্লী বিদ্যুৎ</td></tr>
<tr><td>২৪.</td><td>বিবিধ আলোচনা.</td><td><u>ক.উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের আনুমোদনঃ-</u> সভায় গত ০১-০৯-২০২৫ ইং তারিখ হতে ৩০/০৯/২০২৫ ইং তারিখ পর্যন্ত উপজেলা পরিদের নিম্নবর্ণিত খাতসমূহ হতে বিভিন্ন খরচের ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়েছে এবং উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করার জন্য প্রস্তাব পেশ করেন । নিম্নে ব্যয়ের খাত ও টাকার পরিমান সভায় উপস্থাপন করা হলো ঃ-<table><tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr><tr><td>আপ্যায়ন ও অফিস স্টেশনারী</td><td>৩৫,০০০/-</td></tr><tr><td>সুইপার/অফিস সহায়ক</td><td>৩২,৯০০/-</td></tr><tr><td>মালি</td><td>১৪,৪০০/-</td></tr><tr><td>পরিস্কার পরিছন্নতা বাবদ মজুরী</td><td>১০,০০০/-.</td></tr><tr><td>সর্বমোট</td><td>৯২,০০০/-</td></tr></table>কথায়ঃ (বিরাশি হাজার তিনশত)) টাকা মাত্র। এমতাবস্থায় উল্লিখিত বিবরণ মোতাবেক খাতওয়ারী ব্যয়িত টাকা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করা যেতে পারে ।<br>খ.১. উপজেলা পরিষদের ডরমেটরী থেকে দীর্ঘদিন ধরে কোন ভাড়া আদায় হয় না। গত অর্থবছরে সামান্য মেরামত করে ব্যবহার উপযোগী করা হয়েছে । নির্ধারিত ভাড়া পরিশোধ সাপেক্ষে কেউ বরাদ্দ নিতে আগ্রহী নয়। এছাড়া ভবনটি ব্যবহার করা না হলে পুনরায় ব্যবহার অনুপযোগী হয়ে পরবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী রাজস্ব আদায়ের ও ভবনটি ব্যবহার উপযোগী রাখতে সীট ভাড়া ৫০০ (পাঁচশত) টাকা করার প্রস্তাব করেন ।</td><td>ক. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর খাত ওয়ারী বিভিন্ন অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ পূর্বক (বিরাশি হাজার তিনশত) টাকা ব্যয় পরিশোদের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো ।<br><br>খ.১. রাজস্ব আদায় ও ভবনকে ব্যবহার উপযোগী করার স্বার্থে উপজেলা পরিষদ ডরমেটরীর সিট ভাড়া ৫০০ টাকা হারে নির্ধারণ পূর্বক বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত হয়।<br>খ. গত জুন হতে যারা ডরমেটরীতে অবস্থান করছেন তাদের উল্লিখিত</td><td>ক.উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী জামালপুর।</td></tr>
</table>

CamScanner

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | হারে টাকা পরিশোধ সাপেক্ষে ভূতাপেক্ষভাবে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনুরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৯/২৫

মোঃ মোহছেন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর ।
তারিখ ঃ ২২-০৯- ২০২৫ খ্রিঃ

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২৫-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। জেলা প্রশাসক, জামালপুর।
০২। উপ- পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
০৩। সহকারী কমিশনার ভূমি সরিষাবাড়ী, জামালপুর ।
০৪। অফিসার ইনচার্জ সরিষাবাড়ী থানা, সরিষাবাড়ী, জামালপুর।
০৫। জনাব.......................................................................................... ।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

০১। উপজেলা ........................................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,...................................................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব ..........................................................

২২/০৯/২৫

মোঃ মোহছেন উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার

CamScanner